

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
www.gsb.gov.bd

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর আগস্ট/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ জিন্নুর রহমান চৌধুরী মহাপরিচালক, জিএসবি
তারিখ	:	২৭ আগস্ট, ২০১৮
সময়	:	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	:	অধিদপ্তরের ৪র্থ তলার সভাকক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে ঈদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। এটি মহাপরিচালক মহোদয়ের প্রথম সমন্বয় সভা হওয়ায় তিনি সকলকে দিক-নির্দেশনামূলক পরামর্শ দেন এবং দেশের উন্নতি কল্পে নীতি নৈতিকতার মাধ্যমে স্ব-স্ব স্থানে থেকে কাজ করে যাওয়ার নির্দেশনা প্রদান করেন। তিনি নিজেও শুদ্ধাচার মেনে কাজ করার চেষ্টা করেন বলে সভায় উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় সকলের নিকট থেকে অধিদপ্তরের কাজের অগ্রগতি সম্পর্কে অবগত হতে চান।

সভার আলোচ্য সূচিসমূহ:

১. পূর্বের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা।
২. প্রশাসনিক কার্যাদির বর্তমান অবস্থার অগ্রগতি ও পর্যালোচনা।
৩. বিবিধ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ এর উপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্য সূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
১	২	৩	৪
১	আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	(ক) আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অপারেশন ও সমন্বয় শাখা।
২	অফিসের একেজো ঘোষিত ষ্টাফ বাসটি নিলামের জন্য পুনঃদরপত্র আহ্বান করা নিয়ে আলোচনা হয়।	(খ) ষ্টাফ বাসটি নিলামের জন্য পুনঃদরপত্র আহ্বানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।
৩	ড্রিলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে ড্রিলিং পয়েন্ট নির্ধারণের বিষয় নিয়ে আলোচনা হয়।	(গ) ড্রিলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে ড্রিলিং পয়েন্ট নির্ধারণের কাজ বহরের শুরুতেই করার সিদ্ধান্ত হয়।	➤ অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স অ্যাসেসমেন্ট ; ➤ অভিকর্ষীয় ও চৌম্বকীয় জরিপ ; ➤ ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন জরিপ শাখা।
৪	বগুড়া ক্যাম্প অফিস আঞ্চলিক অফিসে উন্নীতকরণের বিষয়ে আলোচনা হয়।	(ঘ) বগুড়া ক্যাম্প অফিস আঞ্চলিক অফিসে উন্নীতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।

১	২	৩	৪
৫	চট্টগ্রাম ও খুলনায় অবস্থিত জিএসবি'র জমি রেজিস্ট্রেশন করার লক্ষ্যে আলোচনা হয়।	(ঙ) চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমি রেজিস্ট্রেশনকরণের লক্ষ্যে হাউজিং কর্তৃপক্ষকে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়। (চ) খুলনায় অবস্থিত জিএসবি'র জমি রেজিস্ট্রেশনকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।
৬	প্রত্যেক পরিচালক/শাখা/উপশাখা প্রধানগণ কর্তৃক স্ব-স্ব শাখার কাজের উন্নতির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয় নিয়ে আলোচনা হয়।	(ছ) প্রত্যেক পরিচালক/শাখা/উপ-শাখা প্রধানগণ স্ব-স্ব শাখার কাজের উন্নতির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট শাখা/উপ-শাখা সমূহ।
৭	চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমি সরকারি কাজে ব্যবহারের জন্য মাল্টি পারপাস প্ল্যান করা নিয়ে আলোচনা হয়।	(জ) চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমি সরকারি কাজে ব্যবহারের জন্য মাল্টি পারপাস প্ল্যান করার সিদ্ধান্ত হয়।	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা।
৮	নতুন একটি মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে আলোচনা হয়।	(ঝ) নতুন একটি মাইক্রোবাস ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।
৯	এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান করার ব্যাপারে বিধিবিধান সংক্রান্ত আলোচনা হয়।	(ঞ) এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান করার ব্যাপারে বিধিবিধান জেনে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।	দূর অনুধাবন ও জিআইএস শাখা।
১০	প্রকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জামাদি টি ও এন্ড ই-তে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়।	(ট) প্রকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জামাদি টি ও এন্ড ই-তে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।
১১	বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়ী হওয়া বিষয়টি সকলকে অবহিতকরণের বিষয়ে আলোচনা হয়।	(ঠ) বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়ী হতে হবে, এ বিষয়ে পরিচালক (অপাঃ ও সমন্বয়) পত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	অপারেশন ও সমন্বয় শাখা।
১২	জিএসবি'র মূল ভবনের প্রয়োজনীয় অংশ মেরামতের বিষয়ে আলোচনা হয়।	(ড) জিএসবি'র মূল ভবনের যে সকল স্থানের মেরামতের প্রয়োজন রয়েছে তা নির্দিষ্ট করার সিদ্ধান্ত হয়।	অপারেশন ও সমন্বয় শাখা।


সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
১৩-০৯-২০১৮ খ্রিঃ
(মোঃ জিল্লুর রহমান চৌধুরী)
মহাপরিচালক
তারিখঃ ১৬/০৯/২০১৮ খ্রিঃ।

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/৬১৫৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

- ১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। শাখা প্রধান / প্রকল্প পরিচালক / সেল প্রধান ----- জিএসবি, ঢাকা।
- ৩। সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা (জিএসবি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।


(মোঃ নূরুদ্দিন সরকার)
পরিচালক (অপারেশন ও সমন্বয়)